**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
# Bengali Text Bulletin

**Date 23-11-2025** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে জি-২০ শীর্ষ সম্মেলন আজ শেষ হচ্ছে। প্রধানমন্ত্রী আজ সম্মেলনের তৃতীয় অধিবেশনে ভাষণ দেবেন। স্বাস্থ্য পরিষেবা, গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ এবং মাদক সন্ত্রাস চক্রের মোকাবিলার ওপর জোর দিয়ে ৬ টি নতুন উদ্যোগের প্রস্তাব দিয়েছেন নরেন্দ্র মোদী।

২) নতুন প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে ভারত, অস্ট্রেলিয়া এবং কানাডার সঙ্গে একটি নতুন ত্রিপাক্ষিক অংশীদারিত্বের কথা ঘোষণা করেছে।

৩) একটি সামরিক অভ্যুত্থানে জড়িত থাকার সন্দেহে ব্রাজিলের প্রাক্তন রাষ্ট্রপতি জাইর বোলসোনারোকে সতর্কতামূলক পদক্ষেপ হিসবে পুলিশ গ্রেপ্তার করেছে।

৪) সরকার, চন্ডীগড়ে উপরাজ্যপাল নিয়োগ করতে চেয়ে সংসদের আসন্ন অধিবেশনে সংবিধান সংশোধনের প্রস্তাব আনতে চলেছে।

৫) ভারতের লক্ষ্য সেন সিডনিতে অস্ট্রেলিয়ান ওপেন ব্যাডমিন্টন ২০২৫ প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসের খেতাব জয় করেছেন।

oooooooooooooooooooo

দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে আজ জি-২০ শীর্ষ সম্মেলন শেষ হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সম্মেলনের তৃতীয় অধিবেশনে যোগ দিয়ে ভাষণ দেবেন। তিনি আজ অন্যান্য দেশের শীর্ষ নেতাদের সঙ্গে আলোচনায় মিলিত হবেন। অধিবেশনের

আগে, প্রধানমন্ত্রী মোদী ভারত – ব্রাজিল - দক্ষিণ আফ্রিকার শীর্ষ নেতাদের বৈঠকেও অংশ নেবেন। শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী মোদী দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা, জাপানের প্রধানমন্ত্রী সানে তাকা, কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি এবং ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। সন্ধ্যায়, প্রধানমন্ত্রী নতুন দিল্লি ফিরে আসবেন।

oooooooooooooooooooo

দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে জি-টোয়েন্টি শীর্ষ সম্মেলনের প্রথম দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্বব্যাপী উন্নয়নের লক্ষ্যে ছ'টি নতুন উদ্যোগ গ্রহণের প্রস্তাব পেশ করেছেন। সম্মেলনের প্রথম দিনে দু'টি অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, এই উদ্যোগগুলি ভারতের সমৃদ্ধি, সার্বিক উন্নয়ন এবং জনকল্যাণের দৃষ্টিভঙ্গিকে বিশদভাবে তুলে ধরে। তিনি বলেন, এই উদ্যোগগুলি সর্বাত্মক উন্নতিতে সহায়ক হবে।

oooooooooooooooooooo

বিদেশ মন্ত্রকের অর্থনৈতিক সম্পর্ক বিষয়ক সচিব সুধাকর দালেলা দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে জি টোয়েন্টি শীর্ষ সম্মেলনে ভারতের গুরুত্বপূর্ণ অবদানের কথা তুলে ধরেছেন। জোহানেসবার্গে বিশেষ সাংবাদিক সম্মেলনে দালেলা বলেন, ঐক্য, সাম্য এবং সুস্থিতি সহ সামগ্রিক ভাবনায় দক্ষিণ আফ্রিকার নেতৃত্বে চারটি অগ্রাধিকারের ক্ষেত্র চিহ্নিত করার দৃঢ় বার্তা দিয়েছে এই সম্মেলন। এই চারটি অগ্রাধিকার ক্ষেত্রের মধ্যে রয়েছে বিপর্যয় মোকাবিলা, নিম্ন আয়ের দেশগুলির জন্য ঋণদানের ক্ষেত্রে সুস্থায়ী ব্যবস্থা নিশ্চিত করা, দীর্ঘস্থায়ী অর্থনৈতিক উন্নয়নের জন্য বিরল খনিজের ব্যবহার নিয়ন্ত্রণ এবং জ্বালানী ক্ষেত্রে পরিবর্তনের জন্য আর্থিক তহবিলের ব্যবস্থা করা।

(বাইট – সচিব/সুধাকর)

সম্মেলনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণের উল্লেখ করে শ্রী দালেলা বলেন, দক্ষ পেশাদারদের বিভিন্ন দেশের কাজ করার সুযোগ, পর্যটন, খাদ্য নিরাপত্তা, কৃত্রিম মেধা, ডিজিটাল অর্থনীতি, উদ্ভাবন এবং নারী ক্ষমতায়নের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে দক্ষিণ আফ্রিকার সভাপতিত্বে জি টোয়েন্টি গোষ্ঠীর কাজের প্রশংসা করেন তিনি।

oooooooooooooooooooo

দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনে গতকাল সর্বসম্মতিক্রমে একটি যৌথ ঘোষণাপত্র গৃহীত হয়েছে। যদিও, মার্কিন যুক্তরাষ্ট্র এর বিরোধিতা করেছে। ঘোষণাপত্রে বলা হয়েছে, সংহতি, সমতা এবং স্থায়িত্ব অন্তর্ভুক্তিমূলক সমৃদ্ধির অপরিহার্য স্তম্ভ। ৩৯ পৃষ্ঠার এই নথিতে জ্বালানি নিরাপত্তা, জলবায়ু এবং বিপর্যয় মোকাবিলার ব্যবস্থাপনা তুলে ধরা হয়েছে। একই সঙ্গে ক্রমবর্ধমান ভূ-রাজনৈতিক উত্তেজনা, সংঘাত সহ অন্যান্য আন্তর্জাতিক জটিলতাকে অর্থনৈতিক স্থিতিশীলতার জন্য প্রতিকূলতা হিসেবে স্বীকার করা হয়েছে। ঘোষণাপত্রে বহুপাক্ষিক সহযোগিতা, আন্তর্জাতিক আইন মেনে চলা এবং যে-কোনও সমস্যার শান্তিপূর্ণ মীমাংসার ওপর জোর দেওয়া হয়েছে। মানবাধিকার এবং মৌলিক স্বাধীনতার প্রতি শ্রদ্ধা প্রদর্শনের আহ্বান জানানো হয়েছে। উন্নয়নশীল দেশগুলিতে ঋণ প্রদান ও গ্রহণের সীমাবদ্ধতাকে পরিকাঠামো, স্বাস্থ্য পরিষেবা এবং শিক্ষায় বিনিয়োগের ক্ষেত্রে বাধা হিসেবে উল্লেখ করা হয়েছে। খাদ্য নিরাপত্তা, ডিজিটাল প্রযুক্তি এবং বহুপাক্ষিক উন্নয়নে ব্যাংকের ভূমিকার উপর জোর দেওয়া হয়েছে, পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে পদক্ষেপ এবং অভিবাসীদের সহায়তা প্রদানের কথা বলা হয়েছে।

oooooooooooooooooooo

ভারত, অস্ট্রেলিয়া এবং কানাডা গতকাল উদীয়মান প্রযুক্তি এবং উদ্ভাবন পরিকাঠামো - অস্ট্রেলিয়া-কানাডা-ভারত প্রযুক্তি এবং উদ্ভাবন – A C I T I ঘোষণা করেছে। জোহানেসবার্গে G-20 শীর্ষ সম্মেলনের ফাঁকে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

চুক্তির অধীনে, তিনটি দেশ বর্তমান দ্বিপাক্ষিক উদ্যোগের পরিপূরক হিসেবে গুরুত্বপূর্ণ এবং নতুন প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করবে। এই অংশীদারিত্ব প্রতিটি দেশের প্রাকৃতিক শক্তিকে কাজে লাগাবে, বিশেষ করে গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের ক্ষেত্রে পরিবেশবান্ধব শক্তি উদ্ভাবন এবং স্থিতিশীল সরবরাহ শৃঙ্খলের উপর জোর দেবে।

বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খলের বৈচিত্র্যকে নিরাপদ, সুস্থায়ী এবং স্থিতিশীল প্রযুক্তিগত পরিমণ্ডলে উন্নীত করা এই চুক্তির অন্যতম প্রধান লক্ষ্য। এতে, তিন অংশীদার রাষ্ট্র তাদের নাগরিকদের জীবনযাত্রার মানোন্নয়নে কৃত্রিম বুদ্ধিমত্তাকে ব্যবহার করার ওপর জোর দেবে।

তিন দেশের শীর্ষ আধিকারিকরা ২০২৬ সালের প্রথমেই এই উদ্যোগকে এগিয়ে নেওয়ার জন্য একত্রিত হবেন।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, ভারত ও ইসরায়েল তাদের প্রস্তাবিত অবাধ বাণিজ্য চুক্তি FTA দুটি পর্যায়ে বাস্তবায়নের কথা বিবেচনা করছে। এর মধ্য দিয়ে , উভয় দেশের বাণিজ্য মহলের নানা ধরণের সুযোগ সুবিধা নিশ্চিত হবে। মন্ত্রী বলেন, দ্রুত বাণিজ্যিক সুবিধা কার্যকর করার জন্য প্রথম পর্যায়ের অবাধ বাণিজ্য চুক্তি বাস্তবায়নের সম্ভাবনা আছে। ভারত আন্তর্জাতিক স্তরে বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য অংশীদার হিসেবে ক্রমশ পরিচিতি লাভ করছে।

( বাইট - পীযুষ)

oooooooooooooooooooo

ব্রাজিলের প্রাক্তন রাষ্ট্রপতি জাইর বোলসোনারোকে সে দেশের সুপ্রিম কোর্টের জারি করা এক আদেশের অধীনে রাজধানী ব্রাসিলিয়ায় পুলিশ সতর্কতামূলক হেফাজতে নিয়েছে। পুলিশ জানিয়েছে , প্রাক্তন রাষ্ট্রপতিকে কোন মামলার রায়দানের জন্য নয়, বরং তদন্তকারীদের অনুরোধে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে তাঁকে হেফাজতে নেওয়া হয়। গতকাল বলসোনারোকে আটক করা হয় এবং এর পরই পুলিশ তাঁকে সদর দপ্তরে নিয়ে

যায়। একটি তথাকথিত অভ্যুত্থান ষড়যন্ত্রের তদন্তের চূড়ান্ত পর্যায়ে পুলিশের এই পদক্ষেপ। ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন বলসোনারো। তিনি চৌঠা আগস্ট থেকে গৃহবন্দী ছিলেন । আইন শৃঙ্খলা বজায় রাখার কারণে তাকে আটকের আদেশ দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র শাসিত অঞ্চল চণ্ডীগড়ে উপরাজ্যপাল নিয়োগ করতে চেয়ে সংসদের আসন্ন শীতকালীন অধিবেশনে লোকসভা ও রাজ্যসভায় ১৩১ তম সংবিধান সংশোধনী বিল আনা হবে। এই বিল পাশ হয়ে আইনে পরিণত হলে চণ্ডীগড়ের স্বাধীন প্রশাসক হিসেবে উপ-রাজ্যপাল নিয়োগ হবে। বর্তমানে পঞ্জাবের রাজ্যপাল চন্ডীগড়ের প্রশাসনিক প্রধানের দায়িত্ব পালন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জম্মু ও কাশ্মীরের খনি মন্ত্রক আগামীকাল চুনাপাথরের ব্লকের প্রথম নিলাম আয়োজন করবে। এর মধ্য দিয়ে খনিজ পদার্থ উত্তোলনে এই কেন্দ্রশাসিত অঞ্চল এক নতুন যুগে প্রবেশ করবে । আকাশবাণীর জম্মু সংবাদদাতা জানিয়েছেন এই ঐতিহাসিক মুহূর্তকে স্মরণীয় করে রাখতে জম্মুর ক্যানাল রোডের কনভেনশন সেন্টারে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কয়লা ও খনি মন্ত্রী জি. কিষাণ রেড্ডি, মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ এবং উপ-মুখ্যমন্ত্রী সুরিন্দর চৌধুরী এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooo

এখন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের খবর। এবারের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ফোকাস কান্ট্রি জাপান। সে দেশের শক্তি, আবেগ এবং অসাধারণ শৈল্পিক দৃঢ়তায় ভরপুর ছয়টি চলচ্চিত্র প্রদর্শিত হবে এখানে । মন ছুঁয়ে যাওয়া গল্প থেকে শুরু করে সীমানা পেরিয়ে সাহসী কুইয়ার আখ্যান; আন্তঃসাংস্কৃতিক হৃদয়বিদারক ঘটনা থেকে শুরু করে যৌবনকালের বিজ্ঞানের-কল্পকাহিনী এবং স্বপ্নময়, পরীক্ষামূলক শিল্প-ঘরের টেপেস্ট্রি—জাপানি গল্প বলার রীতি গুলি চলচ্চিত্রের একটি মাস্টারক্লাসের চেয়ে কম নয় কোন ভাবেই ।

oooooooooooooooooooooo

ভারতের লক্ষ্য সেন সিডনিতে অস্ট্রেলিয়ান ওপেন ব্যাডমিন্টন ২০২৫ প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসের খেতাব জয় করেছেন। ফাইনালে আজ তিনি জাপানের প্রতিদ্বন্দ্বী ইউশি তানাকাকে ২১-১৫, ২১-১১ ফলে পরাজিত করেন। এর আগে লক্ষ্য ২০২১-এ বিশ্ব চ্যাম্পিয়ানশিপে ব্রঞ্জ পদক পান। ২০২৪-এ লক্ষ্ণৌ-য়ে সুপার থ্রি হান্ড্রেড খেতাব জয় করেছিলেন তিনি।

ooooooooooooooooooooo

গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে দ্বিতীয় ক্রিকেট টেস্টের দ্বিতীয় দিনে ভারতের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা প্রথম ইনিংসে খেলতে নেমেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত দক্ষিণ আফ্রিকা ৭ উইকেটে ৪০০ রান করেছে।

oooooooooooooooooooo

ভারতের অনাহত সিং ইন্ডিয়ান ওপেন স্কোয়াশ টুর্নামেন্টে মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ান হয়েছেন। ইন্দোরে গতকাল ফাইনালে অনাহত স্বদেশেরই জোশনা চিন্নাপ্পাকে ৩-২-এ হারিয়ে দেন। সেমিফাইনালে ১৭ বছর বয়সী অনাহত তৃতীয় বাছাই আয়ারল্যান্ডের হান্না ক্রেইগকে ৩-২ ব্যবধানে হারিয়েছে।

oooooooooooooooooooo

ভারতীয় আবহাওয়া দফতর – আই এম ডি আজ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, কেরালা, মাহে, লাক্ষাদ্বীপ, তামিলনাড়ু, পুদুচেরি এবং কড়াইকলে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে। আগামী তিন চার দিন উত্তর-পূর্ব ভারতের কিছু অংশে এবং উত্তরপ্রদেশে হাল্কা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে। আগামী চার দিন উত্তর-পশ্চিম ভারতে সর্বনিম্ন তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রী সেলসিয়াস কমবে বলে আই এম ডি জানিয়েছে।

oooooooooooooooooooo